

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd


স্মারক নম্বর : মাউশি/পরি/সেসিপ/পরিদর্শন/১১০/২০১৪ / ১৮৩

তারিখ : ২৫/০৯/২০১৯

বিষয় : মাধ্যমিক শিক্ষার মানোন্নয়নের লক্ষ্যে একাডেমিক সুপারভিশন কার্যক্রম জোরদারকরণ বিষয়ে নির্দেশনা

শিক্ষাপ্রতিষ্ঠানসমূহে মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণ এবং ২০৪১ সালের মধ্যে উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশ গড়ার লক্ষ্য পূরণের জন্য প্রয়োজন কার্যকর একাডেমিক সুপারভিশন। এ লক্ষ্যে মাউশি অধিদপ্তরের আওতাধীন বিভিন্ন অফিসে কর্মরত রাজস্বখাতভুক্ত কর্মকর্তাগণ ছাড়াও সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রামের (সেসিপ) এর আওতায় কর্মকর্তাগণ কর্মরত আছেন। এ সকল কর্মকর্তাগণ প্রতি মাসে শিক্ষাপ্রতিষ্ঠানসমূহ পরিদর্শন করে নির্ধারিত ছকে একাডেমিক সুপারভিশন প্রতিবেদন মাউশি অধিদপ্তরে দাখিল করেন। আঞ্চলিক কার্যালয়সমূহ হতে প্রাপ্ত মাসিক একাডেমিক সুপারভিশন প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায় যে, দায়িত্বপ্রাপ্ত এ সকল কর্মকর্তাগণ যথাযথভাবে বিদ্যালয়সমূহ পরিদর্শন করছেন না। ফলে একাডেমিক সুপারভিশন কার্যকর হচ্ছে না। এ কারণে সেসিপ প্রোগ্রামের আওতায় কর্মরত বিভিন্ন পর্যায়ের কর্মকর্তাগণ প্রতি মাসে কয়টি শিক্ষাপ্রতিষ্ঠান পরিদর্শন করবেন তা নির্ধারণ করা প্রয়োজন। এক্ষেত্রে প্রতি মাসে ন্যূনতম সহকারী পরিচালক-৫টি, সহকারী পরিদর্শক ও গবেষণা কর্মকর্তা-১৫টি এবং উপজেলা/থানা একাডেমিক সুপারভাইজার/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার-২০টি বিদ্যালয়ে একাডেমিক সুপারভিশন কার্যক্রম নিশ্চিত করবেন। এছাড়াও রাজস্বখাতভুক্ত মাঠপর্যায়ের কর্মরত কর্মকর্তাগণ তাদের জন্য নির্ধারিত শিক্ষাপ্রতিষ্ঠানসমূহ পরিদর্শন কার্যক্রম নিশ্চিত করবেন। এর ব্যত্যয় ঘটলে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে।

২। বিষয়টি অতীব জরুরি।


প্রফেসর ড. সৈয়দ মো. গোলাম ফারুক
প্রোগ্রাম পরিচালক, সেসিপ
ও
মহাপরিচালক
ফোন : ৯৫৫৩৫৪২

প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিতরণ (বিতরণ জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. পরিচালক (মনিটরিং অ্যান্ড ইভালুয়েশন উইং) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
২. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা..... (সকল অঞ্চল)
৩. উপ-পরিচালক (একিউএইউ, পরি: ও উন্ন:) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৪. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা..... (সকল অঞ্চল)
৫. জেলা শিক্ষা কর্মকর্তা..... (সকল জেলা)
৬. উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা..... (সকল উপজেলা)
৭. সহকারী পরিচালক/সহকারী পরিদর্শক/গবেষণা কর্মকর্তা/ উপজেলা/থানা একাডেমিক সুপারভাইজার/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল-সেকেন্ডারি এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা

অনুলিপি ও সদয় অবগতির জন্য :

১. সিনিয়র সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. পরিচালক (কেলেজ ও প্রশাসন/মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ/ফিন্যান্স অ্যান্ড প্রকিউরমেন্ট) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
৩. সিস্টেম এনালিস্ট, EMIS Cell, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (অফিস আদেশটি ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)
৪. সংরক্ষণ নথি।